

পাসে এগিয়ে বরিশাল পিছিয়ে সিলেট

অনলাইন ডেক্স

২৮ জুলাই ২০২৩ ০১:৩১ পিএম | আপডেট: ২৮

জুলাই ২০২৩ ০১:৩১ পিএম



ফাইল ছবি

advertisement..

দেশের নয়টি সাধারণ শিক্ষা বোর্ডের অধীন এসএসসি পরীক্ষায় পাসের হারের দিক দিয়ে সবচেয়ে এগিয়ে আছে বরিশাল মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড। এ বোর্ডে পাসের হার ৯০.১৮ শতাংশ। আর সবচেয়ে পিছিয়ে আছে সিলেট শিক্ষা বোর্ড। এ বোর্ডে পাসের হার ৭৬.০৬ শতাংশ।

আজ শুক্রবার ২০২৩ সালের এসএসসি ও সমমান পরীক্ষার ফল প্রকাশ করা হয়েছে। ফলাফলে দেখা গেছে, ৯টি সাধারণ শিক্ষা বোর্ডের অধীন এসএসসি পরীক্ষায় গড় পাসের হার ৮০ দশমিক ৩৯ শতাংশ।

advertisement

ফলাফলের তথ্য বলছে, ৯টি সাধারণ শিক্ষা বোর্ডের মধ্যে বরিশাল শিক্ষা বোর্ডে পাসের হার ৯০.১৮ শতাংশ, যা অন্যান্য শিক্ষা বোর্ডের চেয়ে বেশি। আর সিলেট শিক্ষা বোর্ডে পাসের হার ৭৬.০৬ শতাংশ, যা ৯টি সাধারণ শিক্ষা বোর্ডের মধ্যে সবচেয়ে কম।

অন্যান্য শিক্ষা বোর্ডের মধ্যে ঢাকা শিক্ষা বোর্ডে পাসের হার ৭৭ দশমিক ৫৫ শতাংশ। রাজশাহীতে ৮৭.৮৯ শতাংশ, যশোরে ৮৬ দশমিক ১৭ শতাংশ, চট্টগ্রামে ৭৮ দশমিক ২৯ শতাংশ, বরিশালে ৯০ দশমিক ১৮ শতাংশ, সিলেটে ৭৬ দশমিক ৬ শতাংশ এবং ময়মনসিংহ শিক্ষা বোর্ডে পাসের হার ৮৫ শতাংশ ৪৯ শতাংশ।